

# SALTORA NETAJI CENTENARY COLLEGE

Power point presentation by : Trilochan Paramanik

Designation : SACT – 1

Department. : Philosophy

জৈন দর্শন

ত্রিভঙ্গ

# ভূমিকা:

মুক্তি সহজলভ্য নয়, মুক্তির পথ অতি দুর্গম। ভোগবাসনা সম্পূর্ণরূপে জয় করা না গেলে মুক্তির পথে অগ্রসর হওয়া যায় না, এই জুনিয় সর্বাগ্রে প্রয়োজন চিত্তশুদ্ধি। চিত্তশুদ্ধির জন্য কয়েকটি অবশ্য পালনীয় বিধি বা ধর্ম অনুসরণ করতে হয়। চিত্ত শুদ্ধির সাধনায় প্রয়োজন ত্রিবিধ - সম্যক দর্শন, সম্যক জ্ঞান এবং সম্যক চরিত্র এগুলি হল মোক্ষের মার্গ। সম্যক দর্শন, সম্যক জ্ঞান এবং সম্যক চরিত্র হচ্ছে মানব জীবনের তিনটি মহামূল্য রত্নস্বরূপ।

সম্যক দর্শন হচ্ছে শ্রদ্ধা, ভক্তি ও সম্যক জ্ঞান হচ্ছে তত্ত্ব জ্ঞান এবং সম্যক চরিত্র হল সচ্চরিত্র, সদাচার - এই তিনটির কোন একটির অভাব হলে মুক্তির পথে অগ্রসর হওয়া যায় না।

# সম্যক দর্শন:

প্রথম প্রয়োজন হচ্ছে সম্যক দর্শন। সিদ্ধ পুরুষদের প্রতি শ্রদ্ধা, ভক্তি ও বিশ্বাস প্রদর্শন এবং তাদের উপদেশ-এর প্রতি আস্থা বিশ্বাস না থাকলে মুক্তি সাধনা সার্থক হতে পারে না। তীর্থঙ্করগন সিদ্ধ পুরুষ এবং মুক্তির পথ প্রদর্শক - এমন বিশ্বাস মুক্তিকামির থাকা আবশ্যিক অবশ্যই জৈনগন একথাও বলেন যে বিশ্বাসকে হতে হবে বিচার এবং বিশ্লেষণমূলক কিন্তু অন্ধ বিশ্বাস নয়।

# সম্যক্ জ্ঞান :

সম্যক্ জ্ঞান হল তত্ত্ব সম্পর্কে সঠিক জ্ঞান। আত্মা, পুদগল, অনু সংঘাত ইত্যাদি সম্পর্কে যথার্থ জ্ঞান। বিষয়ের জ্ঞান যথার্থ না হলে মুক্তির পথে অগ্রসর হওয়া যায়না। তত্ত্ব জ্ঞানে জীবের অজ্ঞান প্রসূত মোহমুক্তি হয় এবং তখন মোক্ষ সাধনায় অনুপ্রাণিত হয়। তবে কেবল বিশ্বাস বা সম্যক দর্শন ও জ্ঞান বা সম্যক্ জ্ঞান থাকলেই মোক্ষ প্রাপ্তি হয়না, বিশ্বাস অনুসারে কর্মের প্রয়োজন হয়।

# সম্যক্ চরিত্র :

সম্যক্ চরিত্র বিশ্বাস ও জ্ঞান অনুসারে জীবনকে পরিচালিত করা হচ্ছে সচ্চরিত্র । বিশ্বাস ও জ্ঞান অনুসারে জীবনকে পরিচালিত করাই হচ্ছে সম্যক্ চরিত্র বা সদাচার ও অহিতকর অনুষ্ঠান থেকে বিরত থাকা এবং হিতকর অনুষ্ঠানে যুক্ত হওয়ায় হচ্ছে সদাচার। সম্যক্ চরিত্র লাভের জন্য জৈনগন পঞ্চমহাব্রত পালনের নির্দেশ দিয়েছেন এগুলি হল অহিংসা সত্য, অস্তেয় ও ব্রহ্মচর্য এবং অপরিগ্রহ।

ধন্যবাদ